

## REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date:04-11-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

---

**Utsav:**

ব্রাহ্মদ্বিতীয়ার মধ্যে দিয়ে রাজ্যে গতকাল চলতি উৎসব মরসুম শেষ হল। গতকাল ব্রাহ্মদ্বিতীয়া তিথিতে বোনেরা ভাইদের সুস্থ জীবন কামনা করে ফোঁটা দেন। পারিবারিক এই মিলন উৎসবকে কেন্দ্র করে উৎসাহ দেখা গেছে। আগরতলা শহরেও অনেক রাত পর্যন্ত লোক চলাচল ছিল।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহাকে গতকাল শহরের বিভিন্ন প্রান্তের বিভিন্ন অংশের বোনেরা ভাইফোঁটা দেন। মুখ্যমন্ত্রীর সরকারী বাসভবনে আয়োজিত ভাইফোঁটা উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সংবাদমাধ্যমকে বলেন, মহিলাদের সুরক্ষা ও কল্যাণের স্বার্থে বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে বর্তমান রাজ্য সরকার। তিনি বলেন, আমাদের সবাইকে ঐক্যবদ্ধ হয়ে এক ত্রিপুরা, শ্রেষ্ঠ ত্রিপুরা এবং এক ভারত, শ্রেষ্ঠ ভারত গড়ে তোলার জন্য সামিল হতে হবে। মুখ্যমন্ত্রী বলেন, এইদিনটি ভাইবোনদের কাছে খুবই তৎপর্যপূর্ণ ও আনন্দের। তিনি সকল ভাইবোনদের অটুট বন্ধন কামনা করেন।

মুখ্যমন্ত্রীকে ভাইফোঁটা দেন আগরতলা পুর নিগমের কর্পোরেটর রত্না দত্ত, বিজেপি মহিলা মোর্চার সভানেত্রী মিমি মজুমদার, বিজেপি নেত্রী পাপিয়া দত্ত প্রমুখ।

\*\*\*\*\*

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতে যক্ষা রোগের প্রকোপ হ্রাস দেশের আন্তরিক ও উদ্ভাবনী প্রচেষ্টার ফসল। দেশের অগ্রগতির প্রশংসা করে শ্রী মোদী সামাজিক মাধ্যমে গতকাল এক বার্তায় বলেন, সরকার সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে যক্ষা মুক্ত ভারতের দিকে কাজ করে যাবে। তিনি আরও বলেন, দেশ যক্ষা মুক্ত ভারত গঠনের প্রতিশ্রুতিতে অবিচল রয়েছে।

উল্লেখ করা যায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা -WHO তথ্য অনুযায়ী ভারতে যক্ষা রোগীর সংখ্যা ২০১৫ থেকে ২০২৩ সালে ১৭.৭ শতাংশ হ্রাস পেয়েছে। যেখানে সারা বিশ্বে এই হার ৮.৩ শতাংশ। স্বাস্থ্য মন্ত্রী জে. পি নাড্ডা বলেছেন, সরকার নিকশয় পোষণ যোজনার মাধ্যমে যক্ষা রোগীদের প্রয়োজনীয় পুষ্টি সরবরাহ করে জাতীয় যক্ষা নিবারণী প্রকল্প জোরদার করেছে।

\*\*\*\*\*

#### **Paddy Procurement. FCI:**

কেন্দ্র সরকার জানিয়েছে যে ৯০ লক্ষ টনেরও বেশি ধান সংগৃহীত হয়েছে। ভারতীয়, খাদ্য নিগম এফ সি আই পাঞ্জাব থেকে ৮৫ লক্ষ টনেরও বেশি ধান সংগ্রহ করেছে। কেন্দ্রীয় খাদ্য, ভোক্তাবিষয়ক ও গণবণ্টন মন্ত্রক জানিয়েছে, গ্রেড 'এ' ধানের জন্য সরকার নির্ধারিত ন্যূনতম সহায়ক মূল্য ২ হাজার ৩২০ টাকায় ধান কেনা হচ্ছে। চলতি খরিফ বিপণন মরসুমে (কেএমএস) সরকার এখনও পর্যন্ত মোট ধান কিনেছে ১৯,৮০০ কোটি টাকার এবং এতে ৪ লক্ষ কৃষক উপকৃত হয়েছেন।

\*\*\*\*\*

#### **TSECL Bangladesh power:**

প্রতিবেশী বাংলাদেশ ত্রিপুরা থেকে আরও বিদ্যুৎ সরবরাহের অনুরোধ জানিয়েছে। ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগমের ম্যানেজিং ডিরেক্টর বিশ্বজিৎ বসু আকাশবাণী কে জানিয়েছেন, বাংলাদেশ বিদ্যুৎ মন্ত্রক ত্রিপুরা থেকে দৈনিক ২৫০ মেগাওয়াট বিদ্যুৎ

চেয়েছে। তিনি জানান, বর্তমানে বিদ্যুৎ নিগম দৈনিক গড়ে ৫৫ মেগাওয়াট থেকে সর্বোচ্চ ৮০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করছে। ম্যানেজিং ডিরেক্টর বসু আরও জানান, ২০১৬ সালের মার্চ মাস থেকে বাংলাদেশে বিদ্যুৎ সরবরাহ শুরু হয়। বিদ্যুৎ বিক্রি বাবদ বাংলাদেশ গতমাসে ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগমকে বকেয়া বাবদ ৪০ কোটি টাকা মিটিয়ে দিয়েছে বলে তিনি জানান।

\*\*\*\*\*

#### **Swaccha Bharat Abhijan:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আহবানে সাড়া দিয়ে এখন থেকে প্রতিমাসের এক তারিখ ইন্দ্রনগর গোমতী ডেয়ারী অফিস কার্যালয়ে স্বচ্ছ ভারত অভিযান কর্মসূচি অনুষ্ঠিত হবে। ত্রিপুরা কো-অপারেটিভ মিল্ক প্রডিউসার ইউনিয়ন লিমিটেড তথা গোমতী ডেয়ারীর চেয়ারম্যান রতন ঘোষ এ খবর জানান। তিনি বলেন, প্রধানমন্ত্রীর স্বচ্ছ ও সংস্কার অভিযান কে বাস্তবে রূপ দেওয়া আমাদের লক্ষ্য। তাছাড়া প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মায়ের নামে একটি গাছ লাগানোর যে বার্তা দিয়েছে তাকেও বাস্তবায়িত করা হবে।

\*\*\*\*\*

#### **Condolence:**

আকাশবাণী ও দূরদর্শনের প্রশাসনিক বিভাগের অবসরপ্রাপ্ত কর্মী বিশ্বজিৎ ভট্টাচার্য গতকাল সন্ধ্যায় আগরতলার জি বি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়ছিল ৬১ বছর। তিনি স্ত্রী ও এক কন্যা রেখে গেছেন। তিনি আকাশবাণী আগরতলা কেন্দ্র সহ আকাশবাণীর বিলোনিয়া ও কৈলাসহর কেন্দ্র এবং দূরদর্শন কেন্দ্র আগরতলায় সুনামের সঙ্গে কাজ করে গেছেন। তাঁর মৃত্যুতে আকাশবাণীর কর্মীরা গভীর শোক প্রকাশ করেছেন এবং শোকসন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

\*\*\*\*\*

### **Health camp- Prajapita Brahmakumari:**

আগরতলার আড়ালিয়াস্থিত প্রজাপিতা ব্রহ্মকুমারীজ ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে গতকাল একদিনের প্রশাসনিক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসন এই শিবিরের আয়োজন করে। এই শিবির উপলক্ষে নেশামুক্ত জীবনলাভে রাজযোগ আধ্যাত্মিক প্রদর্শনীর উদ্বোধন করেন মুখ্যমন্ত্রীর সচিব ডঃ প্রদীপ কুমার চক্রবর্তী। বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন আধ্যাত্মিকতা মনকে শান্ত, স্নিগ্ধ এবং সহজ ও সরল করে। মানুষের জীবনের সমস্যা সমাধানে আধ্যাত্মিকতায় নিয়োজিত হওয়া প্রয়োজন। এই প্রশাসনিক শিবিরে ১১৩ টি পিআরটিসি, ২০টি এসসি, ৭টি ওবিসি ও ৫টি বিবাহ নিবন্ধনের আবেদনপত্র গ্রহণ করা হয়। ১১টি আয়ের সার্টিফিকেট ইস্যু করা হয়। ৫টি আধার কার্ড সংশোধন করা হয়। টিএসআর দ্বিতীয় ব্যাটেলিয়ান ও সদর মহকুমা প্রাকৃতিক দুর্যোগ ব্যবস্থাপনার কর্তৃপক্ষ থেকে দুটি প্রদর্শনী স্টল খোলা হয়। স্বাস্থ্য শিবিরে তিন শতাধিক রোগীর চিকিৎসা করে বিনামূল্যে ওষুধ দেওয়া হয়। প্রানীসম্পদ বিকাশ দপ্তর থেকে অসুস্থ শতাধিক গবাদি পশুর জন্য বিনামূল্যে ওষুধ দেওয়া হয়।

\*\*\*\*\*

### **Ranji Trophy:**

রঞ্জি ট্রফির চারদিনের ম্যাচে ত্রিপুরার বিরুদ্ধে খেলতে গতকাল সন্ধ্যায় আগরতলা এসেছে বরোদা দল। আইপিএল তারকা ক্রুনাল পাণ্ডিয়ার নেতৃত্বে দলটি আজ এম বি বি স্টেডিয়ামে অনুশীলন করবে। ত্রিপুরা দলও আজ অনুশীলন করবে। আগামী ৬ নভেম্বর থেকে চারদিনের এই ম্যাচটি শুরু হবে।

\*\*\*\*\*

### **Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ অংশত মেঘলা থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২.২ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*